

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৬, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
নির্বাচন প্রশাসন শাখা

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০১৭

নং ১৭.০০.০৯১৮.০৩৫.৪৬.১২৬.১৬(অংশ-১)-৫২৯।—“যেহেতু মাননীয় আপিল বিভাগ সিপিএল এ নং-২৯১০/২০১৭ এর বিগত ০৯ আগস্ট ২০১৭ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪১৬১/২০১৭ এর বিগত ১৬ জুলাই ২০১৭ তারিখের রায়ের কার্যকারিতা ২৪ আগস্ট ২০১৭ তারিখ পর্যন্ত স্থগিত করেছেন এবং যেহেতু সিপিএল এ নং-২৯১০/২০১৭ এর স্থগিতাদেশের মেয়াদ বলবৎ থাকাবস্থায় জনাব মোঃ মিজানুর রহমান মাননীয় আপিল বিভাগে স্থগিতাদেশ বর্ধিতকরণের আবেদন দাখিল করেছেন, সেহেতু মাননীয় আপিল বিভাগের বিগত ১৭ অক্টোবর ২০০৬ তারিখের অফিস আদেশ অনুযায়ী পূর্বে প্রদত্ত স্থগিতাদেশ এর মেয়াদ এখনো বলবৎ থাকায় রিট পিটিশন নং-৪১৬১/২০১৭ এর বিগত ১৬ জুলাই ২০১৭ তারিখের প্রচারিত আদেশ স্থগিত থাকায় বিজ্ঞ নির্বাচনী ট্রাইব্যুনাল ও সিনিয়র সহকারী জজ, সদর আদালত, ভোলা কর্তৃক নির্বাচনি মামলা নং-১০/২০১৬ এর বিগত ০১ ডিসেম্বর ২০১৬ তারিখের প্রদত্ত রায় এবং বিজ্ঞ নির্বাচনি আপীল ট্রাইব্যুনালে আপীল নং-০১/২০১৭ এর ১৯ মার্চ ২০১৭ তারিখের রায় ও আদেশ অনুযায়ী চেয়ারম্যান পদে জনাব রেজাউল হক চৌধুরী নামীয় গেজেট বাতিল করায় ভোলা জেলার সদর উপজেলার ০১ নং রাজাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে জনাব মোঃ মিজানুর রহমান-কে বিজয়ী ঘোষণা করায় নির্বাচন কমিশন এতদ্বারা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় এপ্রিল ২৪, ২০১৬ তারিখে প্রকাশিত ৫২৯০ নং পৃষ্ঠার ১ নং কলামে বর্ণিত ‘রাজাপুর’ এর বিপরীতে ২নং কলামে বর্ণিত “রেজাউল হক চৌধুরী, পিতা-জহুরুল হক চৌধুরী, রামদাসপুর” এর পরিবর্তে “মোঃ মিজানুর রহমান, পিতা-সেকেন্দার আলী মাস্টার, সাঃ খান বাড়ী, চরমনসা, ০৫ নং ওয়ার্ড, পোঃ কালুপুর, উপজেলাঃ ভোলা সদর, জেলাঃ ভোলা” এবং ৩নং কলামে বর্ণিত “স্বতন্ত্র” এর পরিবর্তে “বাংলাদেশ আওয়ামী লীগ” শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিল।”

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ শাহেদুল্লাহ চৌধুরী
উপসচিব (নিঃ পঃ-২)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৯২৪১)

মূল্য : টাকা ৪.০০